৩/

দৈনিক সংবাদ

তারিখ 06 DEC 1998
পৃষ্ঠা ৭ কলাম ৫

# ছাত্রদলের কমিটি নিয়ে অসন্তোষ

(নিজস্ব বার্তা পরিবেশক)

জাতীয়তাবাদী ছাত্রদলের নয়া কমিটি নিয়ে অসন্তোষ দেখা দিয়েছে। ঠিকাদার, অছাত্র, সন্তানের জনক ও নিষ্ক্রিয়দের নয়া কমিটিতে অন্তর্ভুক্ত করা এবং সক্রিয়দের বাদ দেয়া হয়েছে বলে অভিযোগ উঠেছে।

ছাত্রদলের বহু নেতা-কর্মী গত বৃহস্পতিবার রাতে নয়া কমিটি ঘোষণার পর থেকে মূল দল বিএনপির শীর্ষ পর্যায়ে অভিযোগ করে চলেছেন। বলা হয়েছে যে, সক্রিয় ও প্রকৃত ছাত্র নেতারা বাদ পড়ে যাওয়ায় সংগঠনের আরো ক্ষতি হবে। বাদ পড়াদের মধ্যে রয়েছে ঃ সাহাবুদ্দিন লাল্টু, আবদুল খালেক, সাইফুল আলম নীরব, নাসির উদ্দিন অসীম, সেলিমুজ্জামান সেলিম, কাজী রফিক, আবদুল আউয়াল, জয়ন্ত কুন্ড, মোস্তফা সফরী, ফিরোজ প্রমুখ। এরা সবাই নয়া কমিটির সাধারণ সম্পাদক নাসির উদ্দিন পিন্টুর বিপক্ষ গ্রুপ

কমিটি ঃ পৃঃ ৭ কঃ ১

## কমিটি ঃ অসন্তোষ

( ১ম পৃষ্ঠার পর )

হিসেবে পরিচিত। অনেকে তারেক রহমানের ঘনিষ্ঠ বলেও জল্পনা-কল্পনা চলছে। আরো বলা হচ্ছে যে, বেগম জিয়ার একজন ব্যক্তিগত কর্মকর্তার পছন্দ অনুযায়ী নয়া কমিটি হয়েছে, যাতে নাসিরউদ্দিন পিন্টুর গ্রুপের একতরফা প্রাধান্য রাখা হয়েছে। সেই সাথে অভি গ্রুপ হিসেবে চিহ্নিত কয়েকজনকে রাখা হয়েছে, যারা বহুদিন যাবৎ নিষ্ক্রিয় ছিলেন।

অভিযোগ, সম্পাদক পদগুলোর অধিকাংশই বিবাহিত, কেউ কেউ সন্তানের বাবা, লেখাপড়ায় পাট চুকিয়ে ঠিকাদার ব্যবসায় জড়িত। সদস্য পদে এমন অনেকে আছেন যারা এক যুগ ধরে ছাত্রদলের কেন্দ্রীয় কমিটিতে আছেন। সাধারণ সম্পাদক নাসির উদ্দিন পিন্টু, মঞ্জুর-এ-এলাহী, সাগীর আহমেদ প্রমুখ অন্যতম।

ছাত্রদলের নেতা-কর্মীদের সাথে আলাপ করে জানা গেছে, অতি গোপনে কমিটি গঠন করা হয়েছে, যাতে সাধারণ সদস্যদের মতামতের প্রতিফলন ঘটেনি।